

প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা, নারায়ণগঞ্জ, গাজীপুর ও নরসিংদীর ৫ টি কারখানাকে ৪ কোটি ৭৭ লক্ষ ২৭ হাজার ৮০০ শত টাকা ক্ষতিপূরণ ধার্য করেছে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং।

পরিবেশ দূষণবিরোধী অভিযান, পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ ও পরিবেশ সংরক্ষণ কার্যক্রমের অংশ হিসেবে আজ ০৪/১১/২০২০ তারিখ পরিবেশ অধিদপ্তর, মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং এর পরিচালক জনাব রুবিনা ফেরদৌসী কর্তৃক শুনানী গ্রহণ করা হয়। শুনানী অস্ত্রে কেন্দ্রীয় তরল বর্জ্য পরিশোধনাগার (সিইটিপি) অকার্যকর রেখে এবং তরল বর্জ্য ওভারফ্লু ও বাইপাসের মাধ্যমে তরল বর্জ্য পরিবেশে নির্গমনের মাধ্যমে কারখানা পরিচালনার করে পরিবেশ ও প্রতিবেশগত ক্ষতিসাধনের অপরাধে (১) বিসিক চামড়া শিল্প নগরী, হরিণধারা, হোয়েতপুর, সাভার, ঢাকাকে ৪ কোটি ৬২ লক্ষ ৫০ হাজার টাকা; একই অপরাধে (২) রুমকা টেক্সটাইল মিলস, কর্ণপাড়া, সাভার, ঢাকাকে ৭৬ হাজার ৮০০ টাকা; পরিবেশগত ছাড়পত্র গ্রহণ ব্যতীত কারখানা পরিচালনার অপরাধে (৩) হেলথ কেয়ার ফার্মাসিউটিক্যালস লিঃ, রাজেন্দ্রপুর, গাজীপুর সদর, গাজীপুরকে-১০ লক্ষ ১ হাজার টাকা; একই অপরাধে (৪) মেসার্স আশামনি প্রিটিং ইন্ডাস্ট্রিজ লিঃ, নন্দলালপুর, ফতুল্লা, নারায়ণগঞ্জ-কে ২ লক্ষ টাকা এবং পরিবেশগত ছাড়পত্রের শর্ত ভঙ্গ করে কারখানা পরিচালনার অপরাধে (৫) সিলিকন টেক্সটাইল মিলস, আনন্দী, নরসিংদীকে ২ লক্ষ টাকা ক্ষতিপূরণ করেছে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং।

পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং এর শুনানী গ্রহণ কার্যক্রম অব্যাহত থাকবে।

তারিখ : ০৪/১১/২০২০ খ্রিঃ।

স্বাক্ষরিত/-

(সৈয়দ আহমেদ কবীর)

উপপরিচালক

পক্ষে

পরিচালক (মনিঃ ও এনফোঃ)

পরিবেশ অধিদপ্তর, ঢাকা।